দৈনিক সংবাদ

তারিখ 04 APR 1998
পৃষ্ঠা ১২ কলাম ৮

# প্রাথমিক শিক্ষা উন্নয়নে বিশ্বব্যাংক ১৫ কোটি ডলার দেবে

প্রাথমিক পর্যায়ে শিক্ষার সার্বিক অগ্রগতি অর্জনে একটি নতুন প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি গ্রহণের জন্য বিশ্বব্যাংক বাংলাদেশকে ১৫ কোটি ডলার ঋণ দেবে।

ঢাকায় এক সংবাদ বিজ্ঞপ্তির বরাত দিয়ে বাসস জানায়, মঙ্গলবার ওয়াশিংটনে বিশ্বব্যাংকের সদর দপ্তর থেকে এই সুদমুক্ত ঋণ মঞ্জুরির ঘোষণা দেয়া হয়।

এ প্রকল্পের মাধ্যমে বিশ্বব্যাংক যেসব সহায়তা দেবে তার মধ্যে রয়েছে আগামী ৫ বছরে প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে শিক্ষার্থীর হার ৮৫ থেকে ৯৫ ভাগ বৃদ্ধি এবং প্রাথমিক বিদ্যালয় সমাপ্তির হার ৬০ থেকে ৭০ ভাগ উন্নীত করা।

ব্যাংকের সংবাদ বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, এ প্রকল্পের মাধ্যমে শিক্ষালয় থেকে ঝরে পড়া শিশুদের হার হ্রাস পাবে। তাছাড়া এর মাধ্যমে শিক্ষা প্রশাসনের উন্নয়ন এবং নির্বাচিত পল্লী ও নগর এলাকায় কন্যাশিশু ও দরিদ্র শিক্ষার হার বৃদ্ধির লক্ষ্যে আরো কার্যকরভাবে সম্পদ পুঞ্জীভূতকরণ সম্ভব হবে।

বিশ্বব্যাংকের দক্ষিণ এশিয়া বিষয়ক শিক্ষা-বিশেষজ্ঞ শিক্ষাখাত ইউনিট ও প্রকল্প টাস্কলিডার অড্রে অ্যারোনস বলেন, বাংলাদেশ ৯০-এর দশকের সূচনা লগ্ন থেকে প্রাথমিক শিক্ষা বিস্তারে ব্যাপক সাফল্য অর্জনের স্বাক্ষর রেখে আসছে। তিনি বলেন সম্প্রতি মাধ্যমিক শিক্ষা বিশেষ করে মেয়েদের শিক্ষা বিস্তারের ক্ষেত্রেও বাংলাদেশ উল্লেখযোগ্য অগ্রগতি অর্জনে সক্ষম হয়েছে। তবে তিনি বলেন শিক্ষার মান এখনো একটি সমস্যা।